

**এসএসসি : কুমিল্লা
বোর্ডের ফল আজ
প্রকাশিত হবে**

আজ কুমিল্লা বোর্ডের ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফল নিজ নিজ পরীক্ষা কেন্দ্র হতে একযোগে প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পর সংশ্লিষ্ট কেন্দ্রের 'কেন্দ্র অধিকর্তা'-এর নিকট হতে উক্ত কেন্দ্রস্থ সকল স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণ নিজ নিজ স্কুলের ফলাফল সংগ্রহ করতে পারবেন।

পরীক্ষার্থীগণকে তাদের পরীক্ষার ফলাফল নিজ নিজ কেন্দ্র ও স্কুল হতে সংগ্রহ করার পরামর্শ দেয়া হচ্ছে।

শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোন ফলাফল প্রাপ্তা যাবে না।
খবর সরকারি তথ্য বিবরণীর।